# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 11.03.2025** **Desk in Charge : SDG**

**Time : 7.50 PM** **Compiling & NR : NBR**

**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্য সরকার, কেন্দ্রের আনা নতুন শ্রমবিধি মানবে না বলে শ্রমমন্ত্রী মলয় ঘটক জানিয়েছেন।

২/ বিধানসভার অভ্যন্তরে বারবার গুরুত্বপূর্ণ নথি ছেঁড়ার প্রেক্ষিতে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বিজেপি বিধায়কদের আর কোনও কাগজ না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, অধ্যক্ষের এই সিদ্ধান্তের কড়া নিন্দা করেছেন।

৩/ ভুয়ো ভোটার নিয়ে অভিযোগ জানাতে তৃণমূল কংগ্রেস এবং বিজেপির প্রতিনিধি দল আজ নতুন দিল্লিতে নির্বাচন কমিশনে গেছে।

৪/ ‘আমার গ্রাম’ কর্মসূচীতে রাজ্যপাল আজ আলিপুরদুয়ারের টোটো পাড়ায় এক বিশেষ অনুষ্ঠানে যোগ দেন।

৫/ পানিহাটি পুরসভায় বিভিন্ন অবৈধ কাজের অভিযোগে রাজ্য সরকার, চেয়ারম্যান মলয় রায়কে তাঁর পদ থেকে ইস্তফার নির্দেশ দিয়েছে।

৬/ চিরাচরিত উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে আজ বিশ্বভারতীতে উদ্‌যাপিত হল বসন্ত উৎসব।

*****************************************************************

রাজ্য সরকার, কেন্দ্রের আনা নতুন শ্রমবিধি মানবে না বলে জানিয়েছে। রাজ্য বিধানসভায় আজ শ্রম দফতরের বাজেট আলোচনা শেষে জবাবী ভাষণে শ্রমমন্ত্রী মলয় ঘটক বলেন, কেন্দ্রের নতুন শ্রম আইনে শ্রমিকের সংজ্ঞা বদলে দেওয়া হচ্ছে। নতুন শ্রমবিধিতে মাসে ১৫ হাজার টাকার বেশি রোজগার করলে তাকে আর শ্রমিক বলা যাবে না বলে উল্লেখ করা হয়েছে। ফলে ওই বিধি চালু হলে অসংখ্য শ্রমিক প্রভিডেন্ট ফান্ড, ইএসআই-এর মতো সামাজিক সুরক্ষা থেকে বঞ্চিত হবেন। এর বিরুদ্ধে সকলকে একযোগে লড়াই করার আহ্বান জানান তিনি। তিনি আরও জানান, চা বাগানে শ্রমিকদের জন্য যতদিন শ্রম পর্ষদ স্বীকৃত ন্যূনতম মজুরি চালু না হচ্ছে ততদিন তাঁদের অন্তর্বর্তী বেতন বৃদ্ধির প্রক্রিয়া রাজ্য সরকার চালিয়ে যাবে। বর্তমানে রাজ্যের চা শ্রমিকরা দৈনিক ২৫০ টাকা মজুরি পাচ্ছেন। পাশাপাশি বন্ধ চাবাগান শ্রমিকদের জন্য মাসে ৩৫ কেজি করে খাদ্যশস্য এবং দেড় হাজার টাকা করে অর্থ সহায়তা দেওয়া হচ্ছে। যা অন্য রাজ্যে নেই। একই রকম ভাবে চটকলের শ্রমিকদের দৈনিক মজুরি বর্তমানে সমস্ত সুযোগ সুবিধা মিলিয়ে হয়েছে ৭২০ টাকা।

ব্যায় বরাদ্দ নিয়ে আলোচনায় বিরোধী দল উপস্থিত না থাকায় শাসক দলের নির্মল ঘোষ, অসিত মজুমদার, সমীর জানা, সুকান্ত পাল এই ব্যায় বরাদ্দকে সমর্থন জানিয়ে তাদের বক্তব্য রাখেন।

আলোচনার শেষে শ্রম দফতরের এক হাজার ২৩৯ কোটি ২২ লক্ষ টাকার বাজেট বরাদ্দ সভায় গৃহীত হয়।

*********************

রাজ্যের বেসরকারি স্কুলগুলির লাগামছাড়া বেতন নেওয়ার প্রবণতা রুখতে কড়া আইন প্রণয়নের কথা ভাবছে রাজ্য সরকার। বিধানসভার প্রশ্নোত্তর পর্বে আজ শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানান, বেসরকারি স্কুলের ফি কাঠামোর উপর নিয়ন্ত্রণ করতে ইতিমধ্যেই একটি শিক্ষা কমিশনের চিন্তাভাবনা করেছে সরকার। সংশ্লিষ্ট কমিশন বেসরকারী স্কুল সংক্রান্ত যাবতীয় অভিযোগ খতিয়ে দেখে নিষ্পত্তি করবে। পাশাপাশি, স্কুলগুলো যাতে অতিরিক্ত মুনাফা করার লক্ষ্যে ব্যবসা চালাতে না পারে, সেই সংক্রান্ত একটি বিলও সরকার আনতে চলেছে।

এদিকে, শিক্ষামন্ত্রীর এই ঘোষণাকে স্বাগত জানিয়েছে ইউনাইটেড গার্জিয়ান্স অ্যাসোসিয়েশন। সংগঠনের রাজ্য সম্পাদক সুপ্রিয় ভট্টাচার্য অতি দ্রুত এই বিলের পরিকল্পনাকে বাস্তবায়িত করার দাবি জানান।

*********************

সাম্প্রতিককালে বিধানসভার অভ্যন্তরে প্রতিবাদ বিক্ষোভ দেখাতে গিয়ে বারবার কার্যবিবরণীর কাগজ সহ গুরুত্বপূর্ণ নথি ছেঁড়ার প্রেক্ষিতে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বিজেপি বিধায়কদের আর কোনও কাগজ না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

আজ হিন্দু মন্দিরে হামলার ঘটনায় বিজেপির আনা মুলতুবি প্রস্তাব নিয়ে বাকবিতণ্ডার সময় বিরোধী সদস্যদের আচরণের নিন্দা করে অধ্যক্ষ বিধানসভার সচিবকে এই মর্মে নির্দেশ দেন। পরে বাইরে সাংবাদিকদের তিনি বলেন, বিধানসভার মর্যাদা রক্ষার দায়িত্ব সকলের। বিরোধীরা যেভাবে গুরুত্বপূর্ণ নথি ছিড়ে ফেলছেন, তা' অত্যন্ত দুর্ভাগ্যজনক ও দৃষ্টিকটূ।

( বাইট- অধ্যক্ষ )

এদিকে, বিধানসভার বাইরে ধর্না অবস্থানরত বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, অধ্যক্ষের এই সিদ্ধান্তের কড়া নিন্দা করে অভিযোগ করেন, রাজ্য সরকারের তোষণ চরম সীমায় পৌঁছে যাওয়ায় হিন্দু প্রতিষ্ঠান এবং দেবদেবী বারংবার আক্রান্ত হচ্ছে। বিধানসভার অভ্যন্তরে বিরোধীদের কন্ঠ রোধ করে সরাসরি বাংলার মানুষের কন্ঠ রোধের প্রয়াস চলেছে।

( বাইট- শুভেন্দু )

এর প্রতিবাদে দল ১৯ তারিখ অধ্যক্ষের বিধানসভা কেন্দ্র বারুইপুরে কালো ব্যাজ পড়ে প্রতিবাদ কর্মসূচী পালন করবে। আগামীকাল'ও সভায় মুলতুবি প্রস্তাব আনা এবং বিক্ষোভ দেখানো হবে।

*********************

গঙ্গা ও পদ্মা নদীর ভাঙ্গনে ২০০৫ থেকে ২০২৪ সাল পর্যন্ত রাজ্যে মালদা, মুর্শিদাবাদ ও নদীয়া জেলার প্রায় ৩ হাজার ৩৯৫ হেক্টর জমি নদীগর্ভে চলে গেছে বলে রাজ্য সরকার জানিয়েছে। আগামী অর্থ বছরের জন্যে সেচ ও জলপথ দপ্তরের বাজেট বিবৃতিতে এই তথ্য জানিয়ে আর্থিক সীমাবদ্ধতার মধ্যেও রাজ্য সরকার গত ১০ বছরে মালদা ও মুর্শিদাবাদের ভাঙ্গন প্রতিরোধে ৫১টি জায়গায় ২৪০ কোটি ৮২ লক্ষ টাকার কাজ সম্পূর্ণ করেছে বলে উল্লেখ করা হয়েছে।

*********************

ভোটার তালিকার ভুয়ো ভোটারদের অন্তর্ভুক্তি, একই নম্বরের একাধিক ভোটার কার্ড থাকা প্রভৃতি বিষয় নিয়ে তৃণমূল কংগ্রেস আজ নতুন দিল্লিতে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়। সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় সহ ১০ সদস্যের প্রতিনিধি দল কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে সাক্ষাৎ করে। এপিক কার্ড ইস্যুতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সঙ্গে দেখা করে তাঁর হাতে স্মারকলিপি জমা দেন। পরে সাংবাদিকদের কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, এব্যাপারে নির্বাচন কমিশন যে জবাব দিয়েছে, তাতে দল সন্তুষ্ট নয়। তিনি জানান, যেখানে বিজেপির সাংসদ-বিধায়ক রয়েছে, সেখানেই ভোটার কার্ড নিয়ে অভিযোগ উঠেছে।

( বাইট- কল্যাণ  ৭-৫০)

এদিকে, ভুয়ো ভোটার নিয়ে শাসক দলের বিরুদ্ধে অভিযোগ তুলে বিজেপিও আজ জাতীয় নির্বাচন কমিশনে যায়। এবিষয়ে তৃণমূল কংগ্রেস অযথা জল ঘোলা করার চেষ্টা করছে বলে অভিযোগ করেন তিনি। শ্রী মজুমদার বলেন, মুখ্যমন্ত্রী তাঁর ঘনিষ্ঠ আধিকারিকদের দিয়ে এই তালিকা তৈরী করিয়েছেন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর, BDO ও SDO দের দিয়ে নাম তালিকায় অন্তর্ভুক্ত করা হচ্ছে বলে অভিযোগ করেন সুকান্ত মজুমদার।

( বাইট- সুকান্ত ৭-৫০)

অন্যদিকে, নির্বাচন কমিশন, ডুপ্লিকেট এপিক নিয়ে তৈরী হওয়া যাবতীয় সমস্যা BLO এবং সংশ্লিষ্ট আধিকারিকরা সমাধান করবেন বলে জানিয়েছে। একইসঙ্গে দেশের

নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পূর্ণ করতে যে সমস্ত সমস্যার এখনো সমাধান হয়নি, সেব্যাপারে রাজনৈতিক দলগুলির কাছে পরামর্শ চেয়েছে। আগামী ৩০শে এপ্রিল পর্যন্ত এই পরামর্শ দিতে পারবে, জাতীয় ও রাজ্যস্তরের দলগুলি।

********************

আলিপুরদুয়ার জেলার টোটোপাড়াতে আজ রাজ্যপাল সি ভি আনন্দ বোস আমার গ্রাম অনুষ্ঠানে যোগ দেন। সেখান থেকে তিনি সশস্ত্র সীমা বলের অনুষ্ঠানে যোগ দেন। রাজ্যপালকে টোটো সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে স্বাগত জানানো হয়। বর্ষাকালে টোটোপাড়ার ৭টি নদী ও ৯টি ঝোরা পার হয়ে যাতায়াত করতে সমস্যা হওয়ায় পদ্মশ্রী ধনীরাম টোটো, রাজ্যপালের কাছে উড়ালপুলের ব্যবস্থা করার আবেদন জানিয়েছেন।

( বাইট- রাজ্যপাল )

********************

পুরসভা এলাকায় ৮৫ বিঘা জমির উপরে থাকা অমরাবতী মাঠ বিক্রির চেষ্টা সহ বিভিন্ন অবৈধ কাজের অভিযোগে রাজ্য সরকার, উত্তর ২৪ পরগনার পানিহাটি পুরসভার চেয়ারম্যান মলয় রায়কে, তাঁর পদ থেকে ইস্তফার নির্দেশ দিয়েছে।

পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম আজ বিধানসভা থেকে ফোন করে মলয় রায়কে সরাসরি ইস্তফার নির্দেশ দেন। অবিলম্বে পদত্যাগ না করলে তার বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়া হবে। কোন অনৈতিক কাজ রাজ্য সরকার বরদাস্ত করবে না বলেও স্পষ্ট  জানান তিনি।

উল্লেখ্য, মলয় রায়ের বিরুদ্ধে বেআইনিভাবে মাঠ বিক্রিতে মদত এবং পুরসভার ১২৫ বছর পূর্তি অনুষ্ঠানে জোর করে বিপুল পরিমাণ চাঁদা তোলার অভিযোগ রয়েছে।

********************

দোল পূর্ণিমার আগেই বিশ্বভারতীতে উদযাপিত হল চিরাচরিত বসন্তোৎসব। আজ ভোরে বৈতালিক এবং সকালে অনুষ্ঠানের মাধ্যমে মূল উৎসবের সূচনা হয়। তবে এবছর বিশ্বভারতী কর্তৃপক্ষ ক্যাম্পাসের ভিতরে আবির বা রঙ খেলার অনুমতি দেয়নি।

এই সিদ্ধান্তে কিছুটা আক্ষেপ থাকলেও পড়ুয়ারা প্রাণখোলা উদ্দীপনায় উৎসবে অংশ নেন। যদিও অনেক পড়ুয়াকেই ক্যাম্পাসের বাইরে আবির খেলতে দেখা গেছে। ঐতিহ্যবাহী পরিবেশনা, গান ও নৃত্যের মাধ্যমে দোলের আবহ প্রাণবন্ত হয়ে ওঠে।
অন্যদিকে, শান্তিনিকেতনের বিভিন্ন এলাকায় স্থানীয় উদ্যোগে বসন্ত উৎসব পালিত হচ্ছে বেশ কয়েক বছর ধরে। রতনপল্লী, জামবুনি, শ্রীনিকেতন, কঙ্কালীতলা সতীপীঠ-সহ অন্যান্য এলাকায় বসন্ত উৎসবের আয়োজন করা হয়।

এদিকে, আসন্ন দোল ও হোলি উপলক্ষ্যে রাজ্য সরকার একটি মিলন উৎসবের আয়োজন করেছে। আগামীকাল বিকালে কলকাতার আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে প্রস্তাবিত দোলযাত্রা ও হোলির মিলন উৎসব শীর্ষক এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উপস্থিত থাকবেন।

***********************************************************************